গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস,এম, মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

**নম্বর:** ৪৩.২৫.০০০০.০০৭.৩৩.০০১.১৮.১


তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১.১.১ এর আওতায় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের তথ্যসেবা সহজীকরণের জন্য OPAC (Online public access catalogue) সেবা শুরু করা হয়েছে। এ সেবার মাধ্যমে পাঠক ও গবেষকগণ বিশ্বের যে কোন স্থান থেকে ঘরে বসেই জাতীয় গ্রন্থাগারে সংরক্ষিত পুস্তকসমূহের ক্যাটালগ সম্পর্কিত তথ্য পাবেন। এর ফলে পাঠক ও গবেষকগণের লাইব্রেরিতে যাতায়াতের খরচ ও সময় দুটোই সাশ্রয়ী হবে। এ সেবা গ্রহণ সংক্রান্ত একটি নির্দেশিকা এতদ্সঙ্গে যুক্ত করা হলো।

২। বর্ণিত অবস্থায়, সেবাপ্রত্যাশী সংশ্লিষ্ট সকলকে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অফিসিয়াল ওয়েবসাইটের (www.nanl.gov.bd)-এর **বুকসার্চ বাটনে** ক্লীক করে **জাতীয় গ্রন্থাগারের** OPAC (Online public access catalogue) লিংকে প্রবেশ করে নির্দেশিকা অনুসরণপূর্বক ডিজিটাল সেবাটি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: সেবা গ্রহণ সংক্রান্ত নির্দেশিকা।




২৮-০২-২০২৪
ড. সালমা মমতাজ
মহাপরিচালক
২২২২১৮৩৪৬
dg@nanl.gov.bd

নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩৩.০০১.১৮.১/১ (৫)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
২। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৩। সকল কর্মচারি, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
৪। সকল পাঠকক্ষ ও গবেষণা কক্ষ, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (পাঠক ও গবেষকগণের অবহতির জন্য) এবং
৫। নোটিশ বোর্ড, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।।



২৮-০২-২০২৪
ড. সালমা মমতাজ
মহাপরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) নির্দেশিকা

# আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের OPAC (Online public access catalogue) সেবা গ্রহণ সংক্রান্ত নির্দেশিকা

**ভূমিকা:**

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে OPAC (Online public access catalogue)-এর মাধ্যমে পাঠক ও গবেষকগণ ঘরে বসেই জাতীয় গ্রন্থাগারে সংরক্ষিত পুস্তকসমূহের সকল তথ্য পাবেন। এর ফলে পাঠক ও গবেষকগণেকর লাইব্রেরিতে যাতায়াতের খরচ ও সময় দুটোই সাশ্রয়ী হবে।

**সুবিধাসমূহ:**

১। যেকোন সময়, বিশ্বের যে কোন জায়গা থেকে ইন্টারনেটের মাধ্যমে অ্যাক্সেস করতে পারবে ।

২। OPAC হল ইন্টারেক্টিভ, নির্ভুল এবং ব্যবহারকারী-বান্ধব।

৩। ডিজিটাল তথ্য ভান্ডারে সুরক্ষিত অ্যাক্সেস প্রদান করে।

৪। এখানে একটি শক্তিশালী এবং দ্রুত সার্চ ইঞ্জিন রয়েছে এবং এর সাথে প্রাসঙ্গিক ফিল্টার রয়েছে যা অনুসন্ধান ফলাফলগুলিকে সংকুচিত করার জন্য।

৫। এটিতে একাধিক ক্ষেত্র জুড়ে অনুসন্ধানযোগ্য পদ রয়েছে এবং কীওয়ার্ড, বছর বা লেখকের নাম অনুসারে স্বাধীনভাবে অনুসন্ধান করা সম্ভব। একজন ব্যবহারকারী সঠিক সংস্থান খুঁজে পেতে অনুসন্ধান কীগুলির সমন্বয় যেমন কীওয়ার্ড + ইয়ার + লেখকের নাম ব্যবহার করতে পারেন।

| প্রচলিত সেবা পাওয়ার পদ্ধতি | OPAC (Online public access catalogue) মাধ্যমে সেবার পদ্ধতি |
|---|---|
| ক) লাইব্রেরিতে উপস্থিত হয়ে ক্যাটালগ সার্চ করতে হয়।<br>খ) ক্যাটালগ সার্চ বাক্সে একজনের অধিক একই সময়ে সার্চ করা যায় না<br>গ) ম্যানুয়াল পদ্ধতিতে পাঠক ও গবেষকদের সময় ও অর্থের খরচ বেশী হয়। | ক) যে কোন জায়গায় ইন্টারনেটের মাধ্যমে ক্যাটালগ সার্চ করা যায় ।<br>খ) একের অধিক পাঠক ও গবেষক একয় সময়ে ক্যাটালগ সার্চ করতে পারে।<br>গ) পাঠক ও গবেষকদের সময় ও অর্থের সাশ্রয় হয়। |


**প্রত্যাশিত ফলাফলঃ** পাঠক ও গবেষকগণ লাইব্রেরিতে উপস্থিত না হয়ে বই, পত্র পত্রিকা, ম্যাগাজিন এর ক্যাটালগ যে কোন জায়গায় ইন্টারনেটের মাধ্যমে সার্চ করতে পারবেন।

**উদ্ভাবনী আইডিয়া থেকে TCV (টিসিভি) সংক্রান্ত ফলাফল:**


| ক্রমিক | বিষয় | সময় | যাতায়াত খরচ | ভ্রমণ |
|---|---|---|---|---|
| ০১ | আইডিয়া বাস্তবায়নের পূর্বে | ০১ দিন | ৫০০ টাকা | ২ বার |
| ০২ | আইডিয়া বাস্তবায়নের পরে | ০ দিন | ০ টাকা | ০ বার |
| ০৩ | আইডিয়া বাস্তবায়নের ফলে পার্থক্য | ০১ দিন | ৫০০ টাকা | ২ বার কমবে |
| ০৪ | সুফল | সময় বাঁচবে | অর্থ সাশ্রয় হবে | ভ্রমণ কমবে |

# বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের OPAC (Online public access catalogue) মাধ্যমে সেবা পাওয়ার পদ্ধতি:


➢ কম্পিউটার বা মোবাইলে যে কোন সার্চ ইঞ্জিনে প্রবেশ করে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর লিখে অধিদপ্তরের ওয়েবসাইটটি সার্চ করুণ:





➢ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর ক্লিক করুণ




- আরকাইভস ও গ্রন্থাগারের ওয়েব সাইটে প্রবেশ করুন
- স্ক্রল করে নিচের দিকে নামুন এবং
- ডকুমেন্ট ও বই খুজুন অপশনের বুক সার্চ এ ক্লিক করুন




- বুক সার্চ এ ক্লিক করলে নতুন একটি OPAC (Online public access catalogue) ট্যাব ওপেন হবে।



- লাইব্রেরি ক্যাটালগ সার্চ অপশনে আপনার প্রয়োজন অনুসারে লেখক, শিরোনাম, বিষয় দিয়ে সার্চ করুণ।
- যেমন এখানে “শেখ রাসেল” দিয়ে সার্চ করা হয়েছে এ সম্পর্কিত ১৯ টি বই শো করছে।




- এ প্রক্রিয়া অনুসরণ করে বিশ্বের যেকোন জায়গা থেকে অতি সহজে পাঠক ও গবেষকগণ লাইব্রেরিতে উপস্থিত না হয়ে বই, পত্র, পত্রিকা, ম্যাগাজিন এর ক্যাটালগ ইন্টারনেটের মাধ্যমে সার্চ করতে পারবেন।

-----